দৈনিক বাংলা

তারিখ ··· 09 DEC-1995 ··· ···
পৃষ্ঠা ··· ৭ ··· কলাম ··· ৬ ······

# শিক্ষা প্রতিষ্ঠানকে ৬ কোটি টাকার জমি দান

স্টাফ রিপোর্টার : নারায়ণগঞ্জের একটি মেডিক্যাল কলেজসহ সাতটি শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান নির্মাণের জন্য নীপা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান আলহাজ্ব এমএ নাসির ২২ বিঘা জমি দান করেছেন। ফতুল্লায় অবস্থিত এই সম্পত্তির দাম প্রায় ছয় কোটি টাকা।

সোমবার দুপুরে নারায়ণগঞ্জের জেলা প্রশাসকের কার্যালয়ে জনাব নাসির দানপত্র আনুষ্ঠানিকভাবে ফতুল্লা পাইলট উচ্চ বিদ্যালয়ের পরিচালনা কমিটির চেয়ারম্যান মোহাম্মদ আলীর কাছে হস্তান্তর করেন। এই অনুষ্ঠানে জেলা প্রশাসক হাবিবুর রহমান, নারায়ণগঞ্জ প্রেসক্লাব সভাপতি মুহাম্মদ আইউব নাসিরের পিতা আলহাজ আঃ আজিজসহ শহরের গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।